নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২১৯৫ ৩ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবিতে ‘ক্যানসার সচেতনতা কার্যক্রম’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শিক্ষক-শিক্ষার্থীদের অংশগ্রহণে ‘ক্যানসার অ্যাওয়ারনেস ক্যাম্পেইন’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার (৩ জুলাই ২০২৫) বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কো (BNCU) ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের আয়োজনে এবং নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ শহিদ মোহাম্মদ রুহুল আমিন অডিটোরিয়ামে এ সেমিনার অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, ক্যানসার সচেতনতামূলক এ কার্যক্রমে যারা অংশগ্রহণ করেছেন তাদের সবাইকে স্বাগত। আজকের এ উপস্থিতি প্রমাণ করে যে আপনারা ক্যানসার বিষয়ে সচেতন। যারা রিসোর্স পার্সন হিসেবে এসেছেন তাদেরকে নোবিপ্রবির পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। আজ এখানে আমরা যারা শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী সমবেত হয়েছি সবাই যদি সচেতন হই তাহলে এ ভয়াবহ রোগটির হাত থেকে বাঁচা সম্ভব। এ ক্ষেত্রে আমাদের বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে যদি কোনো সহযোগিতার প্রয়োজন পড়ে আমরা সবসময় সে সহযোগিতা করতে বদ্ধ পরিকর। সামাজিক দায়বদ্ধতার অংশ হিসেবে এরই মধ্যে আমরা শহিদ মুগ্ধ মেডিকেল সেন্টারে ডায়াগনস্টিক সেন্টার চালু করেছি। এ সেবা স্থানীয় এলাকাবাসীও গ্রহণ করতে পারবেন। এ এলাকার আরও একটি সমস্যা হলো পানিতে লবণাক্ততা। বিশ্ববিদ্যালয়ে পানির লবণাক্ততা দূরীকরণে আমরা ইতিমধ্যে কাজ শুরু করছি। আমি সেমিনারে আগত সবাইকে ধন্যবাদ জানাচ্ছি এবং এর সফলতা কামনা করছি।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে সেমিনারে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক ও কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। সেমিনারে রিসোর্স পার্সন ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের সহযোগী অধ্যাপক মুস্তাক ইবনে আইয়ুব এবং একই বিভাগের ড. মাহবুবুর রহমান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন, প্রজেক্ট ডিরেক্টর, মলিকুলার অনকোলজিস্ট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগের শিক্ষক মুস্তাক ইবনে আইয়ুব। অনুষ্ঠানে বিভিন্ন বিভাগের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক জি এম রাকিবুল ইসলাম।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪